

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০২.২০১৯. ২৯৫


তারিখ : ৩১.১০.২০১৯ খ্রি:

বিষয় : জনাব হালিমা বেগম, প্রধান শিক্ষিকা, টি এন্ড টি বালক উচ্চ বিদ্যালয়, বনানী, ঢাকা এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তকরণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (বেস: মাধ্য:-১) এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১২১, তারিখ: ১৯ জুন ২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব হালিমা বেগম, প্রধান শিক্ষিকা টি এন্ড টি বালক উচ্চ বিদ্যালয়, বনানী, ঢাকা এর বিরুদ্ধে (১) প্রধান শিক্ষিকা হিসেবে তার নিয়োগে অনিয়ম (২) প্রতিষ্ঠানের শ্রেণি কক্ষেই কোচিং বাণিজ্য পরিচালনা করা (৩) প্রতিষ্ঠানের সাবেক সভাপতির স্বাক্ষরে বেতন ভাতা উত্তোলন এবং (৪) বিভিন্ন পাবলিক পরীক্ষায় নির্ধারিত বোর্ড-ফি এর চেয়ে অধিক অর্থ শিক্ষার্থীদের নিকট থেকে আদায় করা সংক্রান্ত অভিযোগ পাওয়া যায়। অভিযোগের বিষয়ে ১২.১১.২০১৯ তারিখ, রোজ: মঙ্গলবার, বেলা: ১১.০০ ঘটিকায় শিক্ষা মন্ত্রণালয়ে (কক্ষ নং-১৮১০, তলা ১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) শুনানী অনুষ্ঠিত হবে। উক্ত শুনানীতে যথাসময় ও তারিখে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: অভিযোগসমূহ।


৩১/১০/২০১৯
(মোঃ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল : ds.mpo@moedu.gov.bd

জনাব হালিমা বেগম
প্রধান শিক্ষিকা
টি এন্ড টি বালক উচ্চ বিদ্যালয়
বনানী, ঢাকা-১২১৩।

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে :

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব (নিরাপত্ত-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (শুনানীতে অংশগ্রহণের জন্য ধার্য তারিখে জনাব হালিমা বেগম (প্রধান শিক্ষিকা) এবং জনাব সাইফুল ইসলাম (সহকারী শিক্ষক)-কে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
৩. জনাব মো: সাইফুল ইসলাম, সহকারী শিক্ষক (বাণিজ্য শাখা), টি এন্ড টি বালক উচ্চ বিদ্যালয়, বনানী, ঢাকা-১২১৩ (স্বাক্ষরে অভিযোগের সমর্থনে বক্তব্য ও রেকর্ডপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।